

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৫৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৪৫]

১৪। সিয়াম (রোযা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ২৫. আল্লাহর বাণী- "আর যারা সিয়াম পালন করতে সক্ষম তারা ফিদইয়াহ্ হিসেবে একজন মিসকীনকে খাদ্য দিবে"- এ হুকুম মানসূখ হয়ে গেছে

باب بَيَانِ نَسْخِ قَوْلِهِ تَعَالَى { وَعَلَى الَّذِينَ يُطِيقُونَه} فِدْيَةٌ بِقَوْلِهِ فَمَنْ شَهِدَ مِنْكُمْ الشَّهْرَ فَلْيَصِهُمُهُ

আরবী

حَدَّ قَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّ قَنَا بَكْرُ، _ يَعْنِي ابْنَ مُضَرَ _ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ، عَنْ بُكُيْرٍ، عَنْ يَزِيدَ، مَوْلَى سَلَمَةَ عَنْ سَلَمَةَ بْنِ الأَكْوَعِ، _ رضى الله عنه _ قَالَ لَمَّا نَزَلَتْ هَذِهِ الآيَةُ (وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ كَانَ مَنْ أَرَادَ أَنْ يُفْطِرَ وَيَفْتَدِيَ . حَتَّى نَزَلَتِ الآيَةُ الَّتِي بَعْدَهَا فَنَسَخَتْهَا .

বাংলা

২৫৭৫-(১৪৯/১১৪৫) কুতায়বাহ ইবনু সাঈদ (রহঃ) সালামাহ্ ইবনু আকওয়া (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, "যারা সিয়াম (রোজা/রোযা) পালন করতে সক্ষম (অথচ সিয়াম (রোজা/রোযা) পালন করতে চায় না) তারা ফিদইয়াহ হিসেবে একজন মিসকীনকে খাদ্য দান করবে" যখন এ আয়াত অবতীর্ণ হলো, কেউ যদি রমযানের সিয়াম (রোজা/রোযা) পালন করতে না চাইতো সে সিয়াম (রোজা/রোযা) ভাঙ্গত এবং তার পরিবর্তে ফিদইয়াহ্ আদায় করে দিত। অতঃপর এর পরবর্তী আয়াত অবতীর্ণ হলো এবং তা পূর্ববর্তী আয়াতের হুকুম মানসূখ (রহিত) করে দিল। (ইসলামিক ফাউন্ডেশন ২৫৫২, ইসলামীক সেন্টার ২৫৫১)

English

Salama b. Akwa' (Allah be pleased with him) reported that when this verse was revealed:

"And as for those who can fast (but do not) expiation is the feeding of a needy person" (ii. 183), (he who liked to observe fast did observe it) and he who felt reluctant to observe it ate and expiated till the verse was revealed which abrogated it.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন